

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/২১

তারিখ:

১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৯০৫ তম কমিশন সভা অদ্য ৩১/০৩/২০২৪ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

- ১। অদ্যকার কমিশন সভায়, পুঁজিবাজারের মাধ্যমে রিয়েল এস্টেট সেক্টরে অর্থায়নের সুযোগ সৃষ্টি এবং বিনিয়োগের নতুন ক্ষেত্র উন্মোচনের লক্ষ্যে **Bangladesh Securities and Exchange Commission (Real Estate Investment Trust Fund) Rules, 2024** অনুমোদন করা হয়। উক্ত বিধিমালা বাংলাদেশ গেজেটে প্রকাশের সিদ্ধান্তও গৃহীত হয়।
- ২। কমিশন অদ্যকার সভায়, Bangladesh Export Import Company Limited এর ২,৬২৫ (দুই হাজার ছয়শত পচিশ) কোটি টাকা অভিহিত মূল্যের Unsecured, Non-Convertible, Redeemable Beximco 1st Unsecured Zero-Coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার Discount Rate ১৫.০০%। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি লটের ইস্যু মূল্য ৫০,০০০/- টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Bangladesh Export Import Company Limited ব্যাংক ঋণ পরিশোধ করবে এবং মায়ানগর প্রকল্পের উন্নয়নের জন্য ডেভেলোপারকে ঋণ প্রদান করবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে Shandhani Life Insurance Company Ltd এবং Arranger হিসাবে কাজ করছে IFIC Investment Limited।



মোহাম্মদ রেজাউল করিম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র